গাংনীতে প্রাণিসম্পদ খামার দিবস অনুষ্ঠিত

গাংনীতে পলাশীপাড়া সমাজ কল্যাণ সমিতি (পিএসকেএস) এর সমন্বিত কৃষি ইউনিটভূক্ত প্রাণিসম্পদ উন্নয়ন কর্মসূচির আওতায় প্রাণিসম্পদ খামার দিবস” অনুষ্ঠিত হয়েছে।

আজ সোমবার সকালে বামুন্দী শাখার ষোলটাকা গ্রামে ৮০ জন খামারি নিয়ে ব্যায় সাশ্রয়ী পদ্ধতিতে বিফ ক্যাটল ফ্যাটেনিং এর উপর “প্রাণিসম্পদ খামার দিবস” অনুষ্ঠিত হয়।

উক্ত প্রাণীসম্পদ খামার দিবসে গরু মোটাতাজা করণের উপকারিতা, কিভাবে অল্প খরচে গরু মোটাতাজা করা যায়, গরু মোটাতাজা করণের জন্য গরু সুষম খাদ্য ব্যাবস্তাপনা কিভাবে করতে হয়, গরু মোটাতাজা করণের চ্যালেঞ্জ সমূহ সহ ইত্যাদি আনুষঙ্গিক বিষয়ে খামারিদের অবহিত করা হয়। এছাড়াও গবাদিপশু পালেনের উপকারিতা, এর বিভিন্ন সংক্রামক রোগ (এফএমডি, তড়কা, এলএসডি) ও তার প্রতিকার, নিয়মিত কৃমিনাশক প্রদানের উপকারিতা, এন্টিবায়োটিকের যথাযথ ব্যাবহার রোধ,এফএমডি, তড়কা রোগের ভ্যাকসিন প্রদানের উপকারিতা সহ সংশ্লিষ্ট বিভিন্ন বিষয়ে গঠনমূলক আলোচনা করা হয়।
এসময় খামারিদের সংস্থার চলমান বিভিন্ন সেবামূলক ও সমন্বিত কৃষি ইউনিটের চলমান বিভিন্ন প্রদর্শনী সম্পর্কে অবহিত করা হয়।

এসময় উপস্থিত খামারিদের মধ্যে মোছাঃ শাহানাজ খাতুন নামে একজন খামারি জানান তিনি ২০২৩-২৪ অর্থ বছরে পলাশীপাড়া সমাজ কল্যান সমিতি থেকে ব্যায় সাশ্রয়ী পদ্ধতিতে বিফ ক্যাটল ফ্যাটেনিং এর উপর একটি প্রদর্শনী পেয়েছেন। এর দ্বারা ব্যায় সাশ্রয়ী পদ্ধতিতে গরু পালনের পাশাপাশি কেঁচো সার উৎপাদনের মাধ্যমে আগের থেকে অধিক লাভবান হবেন বলে তিনি আাশাবাদ ব্যাক্ত করেন। উক্ত খামার দিবসে রিসোর্স পারসন হিসাবে উপস্থিত ছিলেন পলাশীপাড়া সমাজ কল্যাণ সমিতির সমন্বিত কৃষি ইউনিটের কর্মকর্তা ও উপসহকারী কর্মকর্তা বৃন্দ।

আলমডাঙ্গার গাংনী ইউনিয়ন আওয়ামীলীগের কর্মী সভা অনুষ্ঠিত

আলমডাঙ্গা উপজেলার ৫ নম্বর গাংনী ইউনিয়ন আওয়ামীলীগের উদ্যোগে কর্মী সভা অনুষ্ঠিত হয়েছে। বুধবার সকাল সাড়ে ১০ টায় আসমানখালি মাধ্যমিক বিদ্যালয় মাঠ প্রাঙ্গণে এ সভা অনুষ্ঠিত হয়।

অনুষ্ঠানে গাংনী ইউনিয়ন আওয়ামীলীগের সভাপতি ও সাবেক ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান আবু তাহেরের সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জেলা আওয়ামীলীগের সভাপতি ও চুয়াডাঙ্গা-১ আসনের সংসদ সদস্য সোলায়মান হক জোয়াদ্দার ছেলুন এমপি।

কর্মী সভায় প্রধান অতিথির বক্তব্যে ছেলুন জোয়াদ্দার বলেন, আগামী নভেম্বরের প্রথম সপ্তাহে নির্বাচনের তফসিল ঘোষনা হবে। যথা সময়ে নির্বাচন অনুষ্ঠিত হবে। এই সরকারের ক্ষমতায় থেকেই নির্বাচন হবে। এই কর্মী সভায় আপনারা আপনাদের মুখ দিয়ে যে উন্নয়নের কথা আসলো, এই উন্নয়ন অব্যাহত রাখতে নৌকায় ভোট দিয়ে পূণরায় আওয়ামীলীগ সরকারকে ক্ষমতায় আনতে হবে। আওয়ামীলীগ যখনই ক্ষমতায় আসে দেশের উন্নয়ন হয় সাধারণ মানুষ শান্তিতে থাকে। আওয়ামীলীগ মানেই উন্নয়ন। আজ কেউ না খেয়ে নেই। মানুষের অভাব নেই, এদেশের মানুষ ভালো আছে।

অনুষ্ঠানে বিশেষ অতিথি ছিলেন চুয়াডাঙ্গা জেলা আওয়ামীলীগের সাবেক যুগ্নসাধারণ সম্পাদক রিয়াজুল ইসলাম টোটন জোয়াদ্দার, সাবেক সাংগঠনিক সম্পাদক মুন্সি আলমগীর হান্নান, বন ও পরিবেশ বিষয়ক সম্পাদক শহিদুল ইসলাম খাঁন, সাবেক জেলা আওয়ামীলীগ যুব ও ক্রীড়া বিষয়ক সম্পাদক আরশাদ আলী চন্দন, উপ-প্রচার সম্পাদক শওকত আলী, আলমডাঙ্গা উপজেলা আওয়ামীলীগের সভাপতি আবু মুছা, সাধারণ সম্পাদক ইয়াকুব আলী মাস্টার, সাবেক সহ-সভাপতি লিয়াকত আলী লিপু মোল্লা।

চুয়াডাঙ্গা পৌর আওয়ামীলীগের সভাপতি আলাউদ্দিন হেলা, সাধারণ সম্পাদক আ.কাদের, সাবেক জেলা যুবলীগের সভাপতি আরেফিন রঞ্জু, সাবেক জেলা ছাত্রলীগের সভাপতি আব্দুর রশিদ, সাবেক জেলা কৃষকলীগের সহ-সভাপতি চন্দন,গাংনী ইউনিয়ন আওয়ামীলীগের সহ-সভাপতি ও চেয়ারম্যান মুন্সি এমদাদুল হক, ডা.জয়নাল আবেদিন, আ. রাজ্জার, আ. খালেক, এছার আহমেদ, সামসুর রহমান সামু, মুন্সি মজিবুল হক,

চুয়াডাঙ্গা জেলা পরিষদের সদস্য জহুরুল ইসলাম, এ্যাডঃ মুন্সি সিরাজুল ইসলাম।

গাংনী ইউনিয়ন আওয়ামীলীগের সাংগঠনিক সম্পাদক আবু সাইদ আব্দুল্লাহ’র সঞ্চালনায় আরো উপস্থিত ছিলেন ১ নম্বর ওয়ার্ড আওয়ামীলীগের সভাপতি লিমন হোসেন, সাধারণ সম্পাদক আশাবুল হক, ২ নম্বর ওয়ার্ড আওয়ামীলীগের সভাপতি জহুরুল ইসলাম, সাধারণ সম্পাদক নওশেদ আলী, ৩ নম্বর ওয়ার্ড আওয়ামীলীগের সভাপতি আমজাদ হোসেন, সাধারণ সম্পাদক আনিছুর রহমান, ৪ নম্বর ওয়ার্ড আওয়ামীলীগের সভাপতি বেল্টু, সাধারণ সম্পাদক কালু, ৫ নম্বর ওয়ার্ড আওয়ামীলীগের সভাপতি খাইরুল ইসলাম, সাধারণ সম্পাদক মজিবুল হক। এছাড়া কর্মী সভায় ইউনিয়ন আওয়ামীলীগের অঙ্গসংগঠনের নেতাকর্মীরা উপস্থিত ছিলেন।

কোটচাঁদপুর উপজেলা আওয়ামী লীগে শান্তি সমাবেশ অনুষ্ঠিত

আওয়ামী লীগ সরকার দেশের যে উন্নয়ন করেছে অন্যেরা তা স্বপ্নেও দেখবে না। দেশের উন্নয়ন দেখে বিএনপি জামাত দিশেহারা হয়ে পড়েছে। মাছ না পেয়ে ছিপে কামড় খাচ্ছে তারা। বিএনপি জামাতের অগ্নি সন্ত্রাস ও নৈরাজ্যের প্রতিবাদে ঝিনাইদহের কোটচাঁদপুর উপজেলা আওয়ামী লীগের উদ্দগে শান্তি সমাবেশে প্রধান অতিথির বক্তব্যে এসব কথা বলে ঝিনাইদহ-৩ আসনের জাতীয় সংসদ সদস্য এ্যাডঃ শফিকুল আজম খাঁন চঞ্চল।

তিনি আরও বলেন, দেশব্যাপী বিএনপি-জামায়াতের নৈরাজ্য ও অগ্নিসন্ত্রাস রুখে দিতে আওয়ামী লীগ রাজপথে থাকবে। কোনোভাবেই তাদেরকে সাধারণ মানুষের জানমালের ক্ষতি করার সুযোগ দেওয়া হবে না।বিএনপি-জামায়াতের নৈরাজ্য ও অগ্নিসন্ত্রাস প্রতিহত করে এবং জনগণের সমর্থন নিয়েই জননেত্রী শেখ হাসিনার নেতৃত্বে আগামী জাতীয় সংসদ নির্বাচনে আবারও আওয়ামী লীগ সরকার গঠন করবে ও উন্নয়নের ধারা অব্যাহত থাকবে।

আজ বুধবার (১৮ অক্টোবর) বিকেলে পৌর শহরের আখ সেন্টার মোড়ে সনি

আবাসিকের সামনে শান্তি সমাবেশ অনুষ্ঠিত হয়।

সমাবেশ শেষে বিক্ষোভ মিছিল বের হয়ে শহরের বিভিন্ন দিক প্রদক্ষিণ করে একি স্থানে এসে সমাপ্ত হয়।

এসময় উপস্থিত ছিলেন উপজেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক শাহাজান আলী, উপজেলা আওয়ামী লীগের সহ-সভাপতি নূরুল ইসলাম খান বাবলু, সহ-সভাপতি ফারজেল হোসেন মন্ডল, সহ-সভাপতি লুৎফর রহমান, উপজেলা ভাইস চেয়ারম্যান রিয়াজ হোসেন, বীর মুক্তি যোদ্ধা সাবেক কমান্ডার তাজুল ইসলাম, পৌর আওয়ামিলীগের সভাপতি কাজী আলমগীর, সাধারণ সম্পাদক রিপন মন্ডল, সাবেক যুবলীগ সভাপতি মীর কাশেম, পৌর সভার প্যানেল মেয়র ও পৌর সেচ্ছাসেবক লীগের আহ্বায়ক জাহিদ হোসেন, এলাঙ্গী ইউনিয়ন চেয়ারম্যান মিজানুর রহমান খান, বলুহর ইউনিয়ন চেয়ারম্যান নজরুল ইসলাম প্রমুখ। সে সময় সরকারের পক্ষে বিভিন্ন স্লোগানে স্লোগানে শহর মুখরিত করে তোলেন নেতা কর্মীরা।

এ ছাড়াও উপজেলা আওয়ামী লীগ, পৌর আওয়ামিলীগ, যুবলীগ, ছাত্রলীগ, স্বেচ্ছাসেবক লীগ, শ্রমিক লীগেসহ সকল অঙ্গ সংগঠনের নেতৃবৃন্দ উপস্থিত ছিলেন।

জীবনগরে দুর্গা পূজা উদযাপনে প্রস্তুতিমুলক সভা অনুষ্ঠিত

জীবননগর উপজেলা প্রশাসনের উদ্যোগে শারদীয় দুর্গা পূজা উদযাপনে প্রস্তুতি মুলক সভা অনুষ্ঠিত হয়েছে। আজ রোববার বেলা ১১ টায় উপজেলা পরিষদ সভা কক্ষে এ সভা অনুষ্ঠিত হয়।

উপজেলা নির্বাহী অফিসার হাসিনা মমতাজের সভাপতিত্বে অনুষ্ঠিত সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন উপজেলা চেয়ারম্যান হাজী হাফিজুর রহমান।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন উপজেলা ভাইস চেয়ারম্যান আব্দুস সালাম ইশা, মহিলা ভাইস চেয়ারম্যান আয়েশা সুলতানা লাকী, জীবননগর

থানার ওসি (তদন্ত) আবু সাইদ,উপজেলা সিনিয়র মৎস্য অফিসার দীন ইসলাম।

আরো উপস্থিত ছিলেন হিন্দু বৈধ্য খ্রিষ্টান ঐক্য পরিষদের সভাপতি রমেন বিশ্বাস, সাধারণ সম্পাদক সাগর কুমার বিশ্বাস, বাংলাদেশ পূজা উদযাপন কমিটি জীবননগর শাখার আহ্বায়ক নারায়ন ভৌমিক, সদস্য সচীব যাদব কুমার প্রামানিক।

এছাড়াও উপজেলার ২৭টি পূজা মন্ডবের সভাপতি ও সাধারণ সম্পাদকবৃন্দ উপস্থিত ছিলেন। এ বছর উপজেলায় ২৭টি পূর্জা মন্ডবে শারদীয় দুর্গা পূজা অনুষ্ঠিত হবে। শান্তিপূর্ন পরিবেশে পূজা উদযাপনে উপজেলা প্রশাসনের পক্ষ থেকে নিরাপত্তাসহ সব ধরনের পদক্ষেপ গ্রহণ করা হয়েছে।

দামুড়হুদা উপজেলার নাটুদহে শান্তি সমাবেশ অনুষ্ঠিত

আসন্ন দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচন বানচাল করার উদ্দেশ্যে বি.এন.পি ও জামাতের অরাজকতা সৃষ্টি ও ষড়যন্ত্র মোকাবিলার লক্ষ্যে শান্তি সমাবেশ অনুষ্ঠিত হয়েছে।

আজ শুক্রবার চুয়াডাঙ্গা-২ আসনের নির্বাচনী এলাকার দামুড়হুদা উপজেলার নাটুদহ ইউনিয়ন আওয়ামীলীগের আয়োজনে চন্দ্রবাস স্কুল মাঠে এ শান্তি সমাবেশ অনুষ্ঠিত হয়।

নাটুদহ ইউনিয়ন আওয়ামীলীগের সহ-সভাপতি আব্দুর রহমানের সভাপতিত্বে নৌকা প্রত্যাশী প্রার্থীগণের মধ্যে উপস্থিত থেকে বক্তব্য রাখেন, চুয়াডাঙ্গা জেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক বীর মুক্তিযোদ্ধা আজাদুল ইসলাম আজাদ, দামুড়হুদা উপজেলা আওয়ামী লীগের সভাপতি ও জেলা পরিষদের চেয়ারম্যান মাহফুজুর রহমান মনজু, জীবননগর উপজেলা আওয়ামীলীগের সভাপতি নজরুল ইসলাম, সাধারণ সম্পাদক আবু মোঃ আব্দুল লতিফ অমল, কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের সাবেক মহাপরিচালক কৃষিবিদ ডঃ মোঃ হামিদুর রহমান, জাতীয় দৈনিক সকালের সময় পত্রিকার সম্পাদক

ও প্রকাশক মোঃ নূর হাকিম, এয়ার কমোডর (অবঃ) মোঃ আবু বক্কর, অ্যাডভোকেট শাহরিয়ার কবির।

এ সময় বক্তারা বলেন, শেখ হাসিনার নেতৃত্বে সারা দেশে ব্যাপক উন্নয়ন হয়েছে।রাস্তা, ঘাট, মসজিদ, মাদ্রাসা, মন্দিরসহ বিভিন্ন প্রতিষ্ঠানের উন্নয়ন হয়েছে ব্যাপক হারে। শুধু তাই নয়, বয়স্ক ভাতা, বিধবা ভাতা, প্রতিবন্ধি ভাতা, শিক্ষা ভাতা, শিশু ভাতা, মুক্তিযোদ্ধা ভাতা সহ বিভিন্ন ভাতা প্রদান করছে বর্তমান সরকার। এছাড়াও মেট্রোরেল, পদ্মা সেতু, পারমাণবিক বিদ্যুৎ কেন্দ্র, টানেল, বঙ্গবন্ধু স্যাটালাইট, অসংখ্য উড়াল সেতু সহ বিভিন্ন মেগা প্রকল্প বাস্তবায়ন করেছে আওয়ামী লীগ সরকার। প্রধানমন্ত্রী শেখ হাসিনার নেতৃত্বে গোটাবিশ্বে বাংলাদেশ আজ মাথা উঁচু করে দাড়িয়েছে। আওয়ামীলীগ সরকারের উন্নয়ন দেখে দিশেহারা হয়ে পড়েছে বিরোধী দল। তাই তারা অহেতুক অরাজগতা সৃষ্টি করে নির্বাচন বানচালের পায়তারায় মেতেছে। বিরোধী দলের অপকর্মকে রাজনৈতিক ভাবে মোকাবেলা করতে হবে। আসুন সবাই এক কাতারে দাঁড়িয়ে জামাত বিএনপির অপকর্মকে রুখে দিই। সেই সাথে দলের ভিতরের যে সকল হাইব্রিড নেতারা দলের ক্ষতি করছে তাদের বিরুদ্ধেও রুখে দাড়াতে হবে। যাতে করে দলের বড় ধরনের ক্ষতি করতে না পারে। সেদিকে সকলকে খেয়াল রাখতে হবে।

এ সময় আরও উপস্থিত থেকে বক্তব্য রাখেন, দামুড়হুদা উপজেলা আওয়ামীলীগের সাবেক সভাপতি সিরাজুল আলম ঝন্টু, দামুড়হুদা সদর ইউনিয়ন আওয়ামী লীগের সভাপতি দামুড়হুদা উপজেলা পরিষদের ভাইস চেয়ারম্যান শহিদুল ইসলাম, এ্যাডভোকেট আবু তালেব, আওয়ামী লীগ নেতা- এম.এ ফয়সাল, আসাদুল হক সহ উপজেলা, ইউনিয়ন ও ওয়ার্ড আওয়ামীলীগ, যুবলীগ, ছাত্রলীগের নেতাকর্মী বৃন্দ উপস্থিত ছিলেন।

অনুষ্ঠানে সঞ্চালনা করেন, নাটুদহ ইউনিয়ন আওয়ামীলীগের সাংগঠনিক সম্পাদক আব্দুস সালাম।

কোটচাঁদপুরে দুর্গাপূজা

উপলক্ষে প্রস্তুতিমূলক সভা অনুষ্ঠিত

সর্বজনীন শরদীয় দুর্গাপূজা ২০২৩ উদযাপন উপলক্ষে ঝিনাইদহের কোটচাঁদপুরে প্রস্তুতিমূলক সভা অনুষ্ঠিত হয়েছে।

আজ বৃহস্পতিবার (১২ অক্টোবর) দুপুরে উপজেলা প্রশাসনের আয়োজনে অফির্সাস ক্লাব মিলনায়তনে এ সভা অনুষ্ঠিত হয়।

প্রস্তুতি মূলক সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন উপজেলা আওয়ামী লীগের সভাপতি ও উপজেলা চেয়ারম্যান শরিফুন্নেছা মিকি।

সভাপতিত্ব করেন উপজেলা নির্বাহী অফিসার উছেন মে। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন উপজেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক শাহাজান আলী, উপজেলা ভাইস চেয়ারম্যান রিয়াজ হোসেন, বীর মুক্তি যোদ্ধা সাবেক কমান্ডার তাজুল ইসলাম, মডেল থানার তদন্ত (ওসি) জগন্নাথ চন্দ্র, পৌর সভার প্যানেল মেয়র জাহিদ হোসেন, উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা জহিরুল ইসলাম, উপজেলা আনসার প্রশিক্ষক সুমাইয়া আক্তার, এলাঙ্গী ইউনিয়ন চেয়ারম্যান মিজানুর রহমান খান, সাফদারপুর ইউনিয়ন চেয়ারম্যান আব্দুল মান্নান, দোড়া ইউনিয়ন চেয়ারম্যান আব্দুল জলিল বিশ্বাস, বলুহর ইউনিয়ন চেয়ারম্যান নজরুল ইসলাম, কুশান ইউনিয়ন চেয়ারম্যান শাহরুজ্জামান সবুজ, সাংবাদিক, নজরুল ইসলাম, সুব্রত কুমার আব্দুল্লাহ বাশার প্রমুখ। সে সময় পূজা মন্ডপের আইন শৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক রাখতে করনীয় বিষয় তুলে ধরে গুরুত্বপূর্ণ আলোচনা করেন অতিথিরা।

এ সময় উপজেলার ৪৫ টি পূজা উদযাপন কমিটির সভাপতি-সম্পদক, ফায়ার সার্ভিসের সদস্য সহ উপজেলা প্রশাসনের বিভিন্ন দপ্তরের কর্মরত কর্মকর্তা কর্মচারী বৃন্দ উপস্থিত ছিলেন।

দর্শনায় শান্তি ও উন্নয়ন সমাবেশ অনুষ্ঠিত

বিএনপি-জামাতের হত্যা ষড়যন্ত্র অগ্নিসন্ত্রাস নৈরাজ্যের প্রতিবাদে ও বঙ্গবন্ধু মাননীয় প্রধানমন্ত্রী রাষ্ট্রনায়ক শেখ হাসিনার নেতৃত্বে দেশের উন্নয়ন অব্যাহত রাখতে এবং স্মার্ট বাংলাদেশ প্রতিষ্ঠার লক্ষ্যে শান্তি ও উন্নয়ন সমাবেশ অনুষ্ঠিত হয়েছে।

গতকাল মঙ্গলবার সন্ধ্যা ছয়টার দিকে দর্শনা রেলবাজার বঙ্গবন্ধু চত্বরে বাংলাদেশ আওয়ামী লীগ দর্শনা পৌর শাখার আয়োজনে এ সভা অনুষ্ঠিত হয়।

এ শান্তি ও উন্নয়ন সমাবেশে দর্শনা পৌর আওয়ামীলীগের সভাপতি বীর মুক্তিযোদ্ধা রুস্তম আলীর সভাপতিত্বে এ সভা সমাবেশ অনুষ্টিত হয়।

এ সভায় প্রধান অতিথি হিসাবে বক্তব্য রাখেন চুয়াডাঙ্গা ২ আসনের সংসদ সদস্য উন্নয়নের রুপকার হাজী আলী আজগার টগর। তিনি বলেন শেখ হাসিনার নেতৃত্বে সারা দেশে ব্যাপক উন্নয়ন হয়েছে। রাস্তা ঘাট মসজিদ মাদ্রাসা মন্দিরসহ বিভিন্ন প্রতিষ্টানের উন্নয়ন হয়েছে ব্যাপক হারে।প্রধানমন্ত্রী শেখ হাসিনার নেতৃত্বে গোটাবিশ্বে মাথা উচু করে দাঁড়িয়েছে বাংলাদেশ আওয়ামীলীগ সরকারের উন্নয়ন দেখে দিশেহারা হয়ে পড়েছে বিরোধী দল। তাই তারা অহেতুক অরাজগতা সৃষ্টি করে নির্বাচন বানচালের পায়তারায় মেতেছে। বিরোধী দলের অপকর্মকে রাজনৈতিক ভাবে মোকাবেলা করতে হবে।আসুন সবাই এককাতারে দাঁড়িয়ে রুখে দিই জামাত বিএনপির অপকর্মকে। শেখ হাসিনার নেতৃত্বে গড়ে তুলি স্মার্ট বাংলাদেশ। তাই আসুন উন্নয়নের ধারাকে অক্ষুণ্ণ রাখতে শেখ হাসিনা সরকার গঠনে আবারো নৌকায় ভোট দিন।

বিশেষ অতিথি হিসাবে উপস্থিত ছিলেন, জীবননগর উপজেলার সাবেক চেয়ারম্যান গোলাম মর্তুজা, দামুড়হুদা উপজেলার আওয়ামীলীগের সাধারন সম্পাদক শহিদুল ইসলাম, দামুড়হুদা উপজেলা চেয়ারম্যান ও দর্শনা পৌর আওয়ামীলীগের সাধারন সম্পাদক আলী মুনছুর বাবু, দর্শনা পৌর মেয়র আতিয়ার রহমান হাবু, আওয়ামীলীগ নেতা শফিকুল আলম, আবু সাঈদ খোকন, দাউদ আলী, জয়নাল আবেদীন নফর, বিল্লাল হোসেন, মোজাহারুল ইসলাম, মমিনুল ইসলাম, কেরুজ শ্রমিক নেতা ফিরোজ

আহম্মেদ সবুজ, সাবেক সভাপতি তৈয়ব আলী, সাবেক এডি এম শেখ সাহাব উদ্দীন, উপজেলা যুবলীগের সভাপতি আব্দুল হান্নান ছোট, যুবলীগনেতা মামুন শাহ, আশরাফুল আলম, উপজেলা ছাত্রলীগের সভাপতি আরিফ মল্লিক, সাধারন সম্পাদক রিংকু, দর্শনা পৌর ছাত্রলীগের সভাপতি রফিকুল ইসলাম ববি, দর্শনা কলেজ ছাত্রলীগের সভাপতি নাহিদ পারভেজ সাধারন সম্পাদক তোফাজ্জেল হোসেন তপু প্রমুখ।

কুষ্টিয়ার মিরপুরে ব্লাষ্টের আইনগত সচেতনতা সভা অনুষ্ঠিত

বাল্যবিবাহ দেশ ও জাতির জন্য অভিশাপ। তাই বাল্য বিবাহ বন্ধে সামাজিক আন্দোলন গড়ে তোলা উচিত। বাল্যবিবাহ রোধ-সংক্রান্ত আইনের যথাযথ প্রয়োগ না হওয়ায় এই বাল্যবিবোহ বেড়েই চলেছে। এর থেকে বেরিয়ে আসতে বেশি বশে করে জনসচেতনা গড়ে তুলতে হবে।

আজ সোমবার সকালে কুষ্টিয়ার মিরপুর উপজেলার বারুইপাড়া ইউনিয়ন পরিষদ চত্বরে ‘বাল্য বিবাহ নিরোধ আইন ২০১৭ এবং বৈদেশিক কর্মসংস্থান ২০১৩ আইনের উপর আয়োজিত আইনগত সচেতনতা সভায় বক্তারা এসব মতামত তুলে ধরেন।

অনুষ্ঠানের প্রধান আলোচক ছিলেন উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা তমান্নাজ খন্দকার।

বারুইপাড়া ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান শফিকুল ইসলাম মন্টুর সভাপতিত্বে বিশেষ অতিথির বক্তব্য রাখেন, বাংলাদেশ লিগ্যাল এইড এন্ড সার্ভিসেস ট্রাস্ট (ব্লাস্ট) কুষ্টিয়া ইউনিটের সমন্বয়কারী এ্যাড.শংকর মজুমদার, ব্লাস্ট কুষ্টিয়া ইউনিটের প্যানেল আইনজীবী এ্যাড. আব্দুর রশীদ রানা, ইউপি মেম্বার মাসুম আলী বিশ্বাস, সাদেক আলী, সাবেক মেম্বার উফান আলী প্রমুখ।

বক্তারা বলেন, আমাদের দেশে বেশির ভাগ মেয়ের বিয়ে হয় ১২ থেকে ‘১৮ বয়সের মধ্যে।গ্রামের মেয়েদের বেশির ভাগই বিয়ের এক বছরের মধ্যে সন্তান জন্ম দেয়। আর এসব বাল্যবিবাহের অধিকাংশ কারণগুলো হচ্ছে

দরিদ্রতা, সচেতনতার অভাব, প্রচলিত প্রথা ও কুসংস্কার, সামাজিক অস্থিরতা, মেয়েশিশুর প্রতি নেতিবাচক দৃষ্টিভঙ্গি, নিরাপত্তার অভাব, আইন-শৃঙ্খলা পরিস্থিতির অবনতি, যৌতুক প্রথা এবং বাল্যবিবাহ রোধ-সংক্রান্ত আইনের যথাযথ প্রয়োগ না হওয়া। বাল্যবিবাহের কারণে অপরিণত বয়সে সন্তান ধারণ, মাতৃমৃত্যুর হার বৃদ্ধি, স্বাস্থ্যহানি, তালাক, অপরিপক্ব সন্তান প্রসবসহ নানাবিধ জটিলতার শিকার হচ্ছে।

বাল্য বিবাহ বন্ধে সামাজিক আন্দোলন গড়ে তোলা উচিত উল্লেখ করে বক্তারা জানান, বাংলাদেশে বাল্য বিবাহ একটি মারাত্মক সমস্যা৷সমাজে বাল্য বিয়ে ও জোরপূর্বক বিয়ে বন্ধে শুধু প্রশাসনের ভূমিকাই নয়, বাবা-মাকে আগে সচেতন হতে হবে পাশাপাশি বাল্য বিবাহ বন্ধে সামাজিক আন্দোলন গড়ে তুলতে হবে।

অনুষ্ঠানে ইউনিয়ন পরিষদের সচিব, ইউপি মেম্বার, কাজী, স্কুল শিক্ষক, ইমাম,মোয়াজ্জম সহ অনান্য সম্মানিত ব্যক্তিবর্গ উপস্থিত ছিলেন। অনুষ্ঠান সার্বিকভাবে পরিচালনা করেন ব্লাস্ট কুষ্টিয়া ইউনিটের ল-ক্লার্ক এশখ ইসতিয়াক বকস্।

জীবননগরের দত্তনগরে এসএসসি ৯৩ ব্যাচের রি-ইউনিয়ন অনুষ্ঠিত

আজ শুক্রবার (৬ অক্টোবর) চুয়াডাঙ্গা জেলার জীবননগর উপজেলার দত্তনগর বিএডিসি ফার্মের হলরুমে জীবননগর উপজেলার এসএসসি ১৯৯৩ ব্যাচের আয়োজনে এসএসসি -৯৩ রি-ইউনিয়ন ২০২৩ নামে ব্যচটির মিলন মেলা অনুষ্ঠিত হয়।

রি-ইউনিয়ন অনুষ্ঠানে শুক্রবার এসএসসি ব্যাচ ১৯৯৩ জীবননগর এর আয়োজনে দত্তনগর বিএডিসি ফার্মে খুলনা বিভাগের ১০ জেলা থেকে ৯৩ ব্যাচের কয়েকশ বন্ধু উপস্থিত থেকে স্মৃতিচারণ, আড্ডা, শোক প্রকাশ ও সাংস্কৃতিক অনুষ্ঠানে অংশগ্রহণ করেন।

সাংস্কৃতিক অনুষ্ঠান পর্বে গান করেন ৯৩ এসএসসি ব্যাচের সদস্য

শাহিন, শুমিত ও হাবিব। সবশেষে র্যাফেল ড্র এর মাধ্যমে দিনব্যাপী অনুষ্ঠিত মিলনমেলার সমাপ্তি ঘোষণা করা হয়।

মেহেরপুরে সিপিবির কর্মী সভা অনুষ্ঠিত

বাংলাদেশ কমিউনিস্ট পার্টি (সিপিবি) মেহেরপুর জেলা শাখার কর্মী সভা অনুষ্ঠিত হয়েছে।

শুক্রবার (৬ অক্টোবর) সকাল ১১ টায় মেহেরপুর পৌর এলাকার পুরাতন বাসষ্ট্যান্ড পাড়ায় এই কর্মী সভা অনুষ্ঠিত হয়।

সভায় প্রধান অতিথির বক্তব্যে বাংলাদেশ কমিউনিস্ট পার্টি (সিপিবি)’র কেন্দ্রীয় কমিটির সদস্য কমরেড ডাঃ সাজেদুল হক রুবেল নির্দলীয় নিরেপক্ষ তত্ত্বাবধায়ক সরকারের অধীনে নির্বাচন এবং ভোট ও ভাতের অধিকারের জন্য আন্দোলন সংগ্রামের কর্মসূচি চালিয়ে জণগণকে সাথে নিয়ে বিকল্প বাম শক্তি গড়ে তুলে আন্দোলন-সংগ্রাম জোরদার করার অভিপ্রায় ব্যক্ত করেন। এবং সেই সাথে শোষকদের বিরুদ্ধে শক্ত হাতে আন্দোলনের মাধ্যমে দাবী আদায় করার লক্ষে শ্রমিক-কৃষকদের সচেতন থাকতে বলেন।

বাংলাদেশ কমিউনিস্ট পার্টি (সিপিবি) মেহেরপুর জেলা শাখার সভাপতির অনুপস্থিতিতে কর্মী সভায় সভাপতিত্ব করেন কমরেড শহিদুল ইসলাম। প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বাংলাদেশ কমিউনিস্ট পার্টি (সিপিবি)’র কেন্দ্রীয় কমিটির সদস্য কমরেড ডাঃ সাজেদুল হক রুবেল এবং বিশেষ অতিথি ছিলেন কেন্দ্রীয় কমিটির সদস্য কমরেড ইদ্রিস আলী।

এসময় সিপিবি’র মেহেরপুর জেলা শাখার সাধারণ সম্পাদক কমরেড শহিদুল ইসলাম কাননের সঞ্চালনায় কর্মী সভায় বক্তব্য রাখেন কমরেড অ্যাডভোকেট মিজানুর রহমান, কমরেড মুসা করিম, কমরেড মাহমুদুল হক, কমরেড রফিকুল ইসলাম, কমরেড আহসান হাবীব, কমরেড আব্দুল হাকিম, কমরেড গোলাম মোস্তফা, উষা, রাজনসহ জেলার বিভিন্ন ইউনিটের নেতাকর্মীরা।